গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.১৫২২ তারিখ: ২৪/০৮/২৬

বিষয়: "Together Against Corruption" শীর্ষক আন্তর্জাতিক যুব সমাজভিত্তিক দুর্নীতি বিরোধী বিজ্ঞাপন প্রতিযোগিতা প্রচার ও অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র (শিক্ষা মন্ত্রণালয়): ৩৭.০০.০০০০.০০০.০৬৫.০১৬.০১১৯.১৮.১২৬ তারিখ ১৩ জুলাই ২০২৬

## নোটিশ

এতদ্বারা রাজশাহী কলেজের সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশে অবস্থিত রুশ ফেডারেশনের দূতাবাস এর উদ্যোগে আন্তর্জাতিক যুব সমাজভিত্তিক **দুর্নীতিবিরোধী** বিজ্ঞাপন প্রতিযোগিতা "Together Against Corruption!" অনুষ্ঠিত হতে যাচ্ছে।

উক্ত প্রতিযোগিতায় আগ্রহী শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে। প্রতিযোগিতার বিষয়ভিত্তিক বিস্তারিত তথ্য, নিয়মাবলী এবং আবেদনের ঠিকানা নিম্নে প্রদান করা হলো:

১. প্রতিযোগিতার মূল বিষয় (Subject): "Together against corruption!" (দুর্নীতির বিরুদ্ধে একসাথে!)
২. ক্যাটাগরি/বিষয়সমূহ (Nominations):
শ্রেষ্ঠ পোস্টার (Best Poster), শ্রেষ্ঠ চিত্রাঙ্কন (Best Drawing), শ্রেষ্ঠ ভিডিও (Best Video)
৩. অংশগ্রহণের যোগ্যতা: ১০ থেকে ২৫ বছর বয়সী সকল তরুণ-তরুণী ও শিক্ষার্থী (একক অথবা দলগতভাবে)।
৪. জমাদানের শেষ তারিখ: ০১ অক্টোবর ২০২৬ (মস্কো সময় সন্ধ্যা ১৮:০০ ঘটিকা পর্যন্ত)।
৫. আবেদন ও অংশগ্রহণের নিয়মাবলী:
প্রতিযোগিতাটিতে অংশগ্রহণ সম্পূর্ণ বিনামূল্যে। প্রতিযোগিতার এন্ট্রি (পোস্টার, ড্রইং ও ভিডিও) সরাসরি www.anticorruption.life ওয়েবসাইটে অনলাইনে জমা দিতে হবে।
নিজস্ব জাতীয় ভাষায় (বাংলায়) কাজ জমা দেওয়া যাবে; তবে পোস্টার ও চিত্রাঙ্কনের ক্ষেত্রে শিরোনাম ও ব্যাখ্যামূলক লেখার বাধ্যতামূলক রুশ (Russian) অনুবাদ এবং ভিডিওর ক্ষেত্রে সম্পাদনা করা রুশ সাবটাইটেল সংযুক্ত থাকতে হবে।

উক্ত প্রতিযোগিতায় আগ্রহী শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধিত হয়ে অনলাইনে কাজ জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

২৪/০৮/২০২৬
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।